**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/26/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# ব্রুকলিন ও কুইন্সে গভর্নর হোকলের 13 মিলিয়ন ডলারের সবুজ অবকাঠামো প্রকল্প সম্পন্ন করার ঘোষণা

## *প্রকল্পটি স্থিতিশীলতা জোরদার করে, হার্বারের পানির গুণমান উন্নত করে এবং দূষণ কমায়*

গভর্নর ক্যাথি হোকল আজ জ্যামাইকা বে এর কাছাকাছি একাধিক স্থানে সবুজ অবকাঠামো উন্নয়ন সংস্থাপনকারী 13 মিলিয়ন ডলারের একটি প্রকল্প সম্পন্ন হওয়ার ঘোষণা দিয়েছেন। গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারি (Office of Storm Recovery) প্রকল্পের মধ্যে রয়েছে রেইন গার্ডেন, রেইন ব্যারেল এবং বন্যা প্রশমন করার জন্য ছাউনি কাঠামো, রাস্তার সুরক্ষা বর্ধন করা এবং সাউথ ব্রুকলিন ও সাউথ কুইন্স কমিউনিটি জুড়ে দূষণ হ্রাস করা। নির্মিত 123টি স্থাপনা বছরে 30 মিলিয়ন গ্যালন বৃষ্টির পানি ব্যবস্থাপনা করে।

"আমাদের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু লক্ষ্যকে সমর্থন করে এমন প্রকল্পে অর্থায়নের উপর আমরা বিশেষ গুরুত্ব আরোপ করে থাকি," **বলেছেন গভর্নর হোকল।** "জ্যামাইকা বে-তে এই 13 মিলিয়ন ডলারের সবুজ অবকাঠামো প্রকল্প দূষণ কমাবে, বন্যা প্রশমন করবে এবং শক্তিশালী ঝড়ের মোকাবেলায় স্থিতিশীলতা উন্নত করবে। নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় প্রগতিশীল ভাবনার নীতি বাস্তবায়ন এবং কৌশলগত বিনিয়োগ অব্যাহত রাখবে।"

**গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারির এক্সিকিউটিভ ডিরেক্টর কেটি ব্রেনান বলেন**, "সবুজ অবকাঠামো নিউ ইয়র্কবাসীদের জলবায়ু পরিবর্তন হ্রাস করতে এবং এর প্রভাবগুলোর সাথে খাপ খাইয়ে নিতে সাহায্য করে। আমরা গর্বিত যে এই উদ্ভাবনী প্রকল্পটি ব্রুকলিন ও কুইন্সের ঐতিহাসিকভাবে কম প্রতিনিধিত্বকারী কমিউনিটিকে আরো স্থিতিশীল এবং ভবিষ্যতের ঝড় মোকাবেলা করতে সক্ষম করে তুলছে।"

এই প্রকল্পের অন্তর্ভুক্ত সবুজ অবকাঠামোর ধরন বন্যা হ্রাস করে এবং ঘন ঘন প্লাবিত হওয়া রাস্তাগুলো, যা এখনো গুরুত্বপূর্ণ বহির্গমন রুট হিসেবে ব্যবহৃত হয়, জুড়ে রাস্তার সুরক্ষা বর্ধন করে কমিউনিটি স্থিতিশীলতা বৃদ্ধি করবে। গুরুত্বপূর্ণভাবে, এই ব্যবস্থাগুলো হার্বারের পানির গুণমানও উন্নত করে, গ্রিনহাউস গ্যাস শোষণ করে দূষণ হ্রাস করে এবং স্থানীয় স্ট্রিটস্কেপের শোভাবর্ধন করে।

রেইন গার্ডেন, যার মধ্যে রয়েছে মাটি দিয়ে একটি এলাকা ভরাট করা এবং গাছপালা রোপণ করা, মিউনিসিপ্যাল সিউয়ার সিস্টেমে পৌঁছানোর আগে বৃষ্টির পানির প্রবাহকে বিমুখী করার জন্য রাস্তার কার্ব লাইনে এটি তৈরি করা যেতে পারে। বৃষ্টির পানি ধরে রাখে, ঘাস, গুল্ম বা বৃক্ষের মতো গাছপালার চাহিদা মেটায় এবং মাটিতে প্রবেশ করে। মিউনিসিপ্যাল সিউয়ার অবকাঠামোকে বোঝাই না করে বৃষ্টির পানি ধরে রাখার জন্য আঙিনাতেও স্থাপন করা যেতে পারে। ছাউনি কাঠামো ছাদে পানি ধরে রাখে এবং সংরক্ষণের জন্য নিকটবর্তী রেইন ব্যারেলে চ্যানেল করে বৃষ্টির পানি সংগ্রহের জন্য সৃজনশীল সমাধান দেয়। এগুলো কেবল মিউনিসিপ্যাল নর্দমা ব্যবস্থার উপরের বোঝা হ্রাস করে না, বরং সেইসাথে বাগানে ব্যবহারের জন্য পানির একটি নবায়নযোগ্য উৎসও তৈরি করে।

যেখানে সবুজ অবকাঠামো ব্যবস্থা বাস্তবায়ন করা হয়েছে:

- P.S. 993Q & M.S. 72Q রচডেল, কুইন্সে - পূর্ব-বিদ্যমান পাকা লট তিনটি রেইন গার্ডেন, শিক্ষামূলক স্থান এবং সহনশীল গাছপালা, সেইসাথে একটি ছাউনি কাঠামোসহ একটি বড় বহুমুখী ব্যবহার্য কমিউনিটি এলাকায় রূপান্তর করা হয়েছে। শিক্ষার্থীরা যে বাগানগুলো পরিচর্যা করছে, সেগুলো পুষ্টি, জীববিজ্ঞান, কৃষি এবং পানি সংরক্ষণ সম্পর্কে শেখার জন্য হাতে-কলমে শিক্ষার সরঞ্জাম হিসেবে ব্যবহার করা হচ্ছে।

- ফার রকঅ্যাওয়ে, কুইন্স - বিচ 108th থেকে 94th স্ট্রিটের মধ্যে, রকঅ্যাওয়ে বিচ বুলেভার্ড থেকে শোর ফ্রন্ট পার্কওয়ে পর্যন্ত এলাকায় রাস্তার কার্ব লাইনে নয়টি রেইন গার্ডেন স্থাপন করা হয়েছে। প্রকল্প এলাকার মধ্যে সার্ফসাইড অ্যাপার্টমেন্ট এবং বেল শোর কন্ডোমিনিয়াম অন্তর্ভুক্ত রয়েছে।
- গ্রেভসেন্ড/বেনসনহার্স্ট - ওয়েস্ট 7th স্ট্রিট থেকে ওশান পার্কওয়ে, এভিনিউ P থেকে এভিনিউ R এবং হাইল্যান্ড এভিনিউ পর্যন্ত এলাকায় রাস্তার কার্ব লাইনে 39টি রেইন গার্ডেন স্থাপন করা হয়েছে।
- মিডউড/ফ্লাটল্যান্ডস (সাউথইস্ট ব্রুকলিন) - নস্ট্রান্ড এভিনিউ থেকে ফ্ল্যাটবুশ এভিনিউয়ের মধ্যবর্তী এলাকায়, কিংস হাইওয়ে, এভিনিউ N এবং ফ্ল্যাটল্যান্ডস এভিনিউকে দক্ষিণে সংযুক্তকারী পথ থেকে এভিনিউ P পর্যন্ত সাতটি রেইন গার্ডেন রাস্তার কার্ব লাইনে স্থাপন করা হয়েছে।
- ক্যানারসি - 88th স্ট্রিট থেকে রকঅ্যাওয়ে পার্কওয়ের মধ্যবর্তী এলাকায়, এভিনিউ J থেকে এভিনিউ K পর্যন্ত রাস্তার কার্ব লাইনে 12টি রেইন গার্ডেন স্থাপন করা হয়েছে।

- আইডেলওয়াইল্ড - ব্রুকভিল বুলেভার্ড থেকে হুক ক্রিক বুলেভার্ড পর্যন্ত 135th এভিনিউ থেকে 142nd এভিনিউ এবং 248th স্ট্রিটের মধ্যে রাস্তার কার্ব লাইনে 53টি রেইন গার্ডেন স্থাপন করা হয়েছে।

হারিকেন আইরিন এবং সুপারস্টর্ম স্যান্ডির সময়, এই কমিউনিটিগুলো ভারী বৃষ্টিপাত ও জলোচ্ছ্বাসের সম্মুখীন হয়েছিল, যার ফলে রাস্তাজুড়ে প্রবল বন্যা দেখা দিয়েছিল। তারপর থেকে, FEMA এসব এলাকার মধ্যে বন্যার ম্যাপিং উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণ করেছে। পানি এই কমিউনিটির জন্য একটি প্রাকৃতিক সীমানা হিসেবে কাজ করে তা সে জ্যামাইকা বে, ফ্রেশ ক্রিক

অথবা আটলান্টিক মহাসাগর যাই হোক না কেন। এই কমিউনিটিগুলোর মধ্যে ভবনের ধরনের ঘনত্ব, স্থিতিশীলতার জন্য সংস্কার করতে অসংখ্য চ্যালেঞ্জ উপস্থাপন করে তাই সবুজ অবকাঠামো একটি অত্যন্ত প্রয়োজনীয় সরঞ্জাম।

প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথরিটি (Dormitory Authority of the State of New York) এবং নিউ ইয়র্ক সিটির পরিবেশ সুরক্ষা বিভাগের (Department of Environmental Protection) অংশীদারিত্বে সম্পন্ন হয়েছে। প্রকল্পটি সম্পন্ন হওয়া উদযাপন করতে কমিউনিটি নেতারা P.S. 993Q@ M.S. 72Q-তে সমবেত হন।

**নিউ ইয়র্ক সিটির পরিবেশ সুরক্ষা বিভাগের কমিশনার রোহিত টি. আগারওয়ালা বলেন,** "যেহেতু আমরা সাউথ-ইস্ট কুইন্সের ঐতিহাসিক 2.5 বিলিয়ন ডলারের বৃষ্টির পানির সিউয়ার নেটওয়ার্ক তৈরি চালিয়ে যাচ্ছি, সেহেতু সবুজ অবকাঠামো সংযোজন আমাদের বৃষ্টির পানি ব্যবস্থাপনা করতে, বন্যা প্রশমিত করতে এবং জনসাধারণের সুরক্ষা উন্নত করতে সাহায্য করতে পারে। আমি গভর্নরের অফিস এবং ডরমিটরি অথরিটিতে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই এবং আমরা এই রেইন গার্ডেনকে শহরের সবুজ অবকাঠামোর পোর্টফোলিওতে যুক্ত করার জন্য অধীর আগ্রহী।"

**রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিকস বলেন,** "নিউ ইয়র্ক সিটি রোচডেল ও রকাওয়েসের মতো অঞ্চলে মারাত্মকভাবে আঘাত হানা চরম বিরূপ আবহাওয়ার অভিজ্ঞতা পেয়ে আসছে। আমি বিস্তৃত সবুজ অবকাঠামো (Green Infrastructure) প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানাই, যা এই অঞ্চলগুলোকে ভবিষ্যতের ঝড় এবং জরুরি অবস্থা মোকাবেলা করতে সাহায্য করবে। প্রেসিডেন্ট বাইডেনের দ্বিপক্ষীয় অবকাঠামো বিল (Bipartisan Infrastructure Bill) থেকে অর্থায়ন যাতে স্থিতিশীলতা প্রচেষ্টা অব্যাহত রাখতে রোচডেল ও রকাওয়েসের মতো অঞ্চলে যায় তা নিশ্চিত করার জন্য আমি ফেডারেল পর্যায়ে আমার সহকর্মীদের সাথে কাজ চালিয়ে যাচ্ছি,"

**বলেছেন কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভ্যান রিচার্ডস জুনিয়র,** "জলবায়ু পরিবর্তন এবং চরম আবহাওয়া যে আমাদের কমিউনিটির উপর বিধ্বংসী প্রভাব ফেলতে পারে তা সাউথ কুইন্স এবং রকঅ্যাওয়ে উপকুল খুব ভালোভাবে জানে। যেহেতু স্যান্ডি, আইরিন ও আইডার মতো ঝড় প্রতি বছর আমাদের বরোকে হুমকি দিচ্ছে, তাই ধ্বংসাত্মক বন্যা এবং দূষণকারী বস্তুগুলো আমাদের পরিবারের জন্য যেসব বিপদ সৃষ্টি করে তা এড়ানোর জন্য আমাদের আশেপাশের অঞ্চলের যে ধরনের বিনিয়োগ প্রয়োজন সেটি বর্তমানে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। আমি সাউথ কুইন্সে মিলিয়ন ডলারের সবুজ অবকাঠামো বিনিয়োগের জন্য, এবং সেইসাথে শিক্ষার্থীদের জন্য যারা একদিন এই বরোর উত্তরাধিকারী হবে, স্থিতিশীলতা ও টেকসইতা কেন্দ্রীভূত করার জন্য গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারির প্রশংসা করি।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস বলেন,** "নিউ ইয়র্ক সিটি জুড়ে অনেক কমিউনিটি, আমি যেটির প্রতিনিধিত্ব করি সেটি সহ, দীর্ঘদিন ধরে সবুজ অবকাঠামোর জন্য কম বিনিয়োগের দেখা পেয়েছে। নতুন বায়োসোয়েল, রেইন গার্ডেন এবং অন্যান্য অবকাঠামো স্থাপন শুধু বন্যা প্রশমন এবং পানির গুণমান উন্নত করবে না, বরং

সেইসাথে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে অবদান রাখবে। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ দীর্ঘকাল ধরে বকেয়া রয়েছে, এবং আমি শিহরিত যে গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারি এই 13 মিলিয়ন ডলারের প্রকল্পটি সম্পন্ন করেছে যা আমাদের কমিউনিটিকে উপকৃত করবে। কুইন্স ও ব্রুকলিনে স্থিতিশীল বিনিয়োগের অগ্রগতিতে অংশীদারিত্বের জন্য আমি গভর্নর হোকল এবং আমার সকল সহকর্মী নির্বাচিত কর্মকর্তা এবং কমিউনিটি নেতাদের ধন্যবাদ জানাই।"

**GOSR সম্পর্কে**
2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, GOSR সমগ্র স্টেটে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লিয়ের পুনরুদ্ধার কাজের সমন্বয়সাধন করেছে। তার NY রাইজিং হাউজিং রিকভারি, ছোট ব্যবসা, সম্প্রদায় পুনর্গঠন, পরিকাঠামো, এবং ডিজাইন প্রোগ্রাম দ্বারা পুনর্নির্মাণের মাধ্যমে, GOSR ফেডারেল কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক অনুদান-দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে নিউ ইয়র্ককে চরম আবহাওয়ার ঘটনাগুলির জন্য আরও ভালভাবে প্রস্তুত করতে। GOSR এবং এর প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য এখানে উপলব্ধ http://stormrecovery.ny.gov/।

নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্গঠন (NY Rising Community Reconstruction, NYRCR) এবং অবকাঠামো কর্মসূচিসমূহের মাধ্যমে, স্টেট স্থিতিশীলতা বৃদ্ধি, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সুরক্ষা, ভবিষ্যৎ দুর্যোগ সংশ্লিষ্ট ক্ষয়ক্ষতির ঝুঁকি প্রশমন, এবং দুর্ভোগ কমানোর জন্য সম্প্রদায়ের জন্য করা নিচ-থেকে-উপরে পরিকল্পনা প্রক্রিয়ার সময় একাধিক ধরনের উদ্যোগ তৈরি করেছে।

এখন বাস্তবায়ন পর্যায়ে, GOSR বিভিন্ন পৌরসভা, কাউন্টি, এবং অলাভজনক অংশীদারদের সাথে কাজ করে স্থানীয়ভাবে তৈরি করা শত শত প্রস্তাবনাকে বাস্তবায়িত করতে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418